# প্রিয় কুরআনের প্রিয় পাঠ


## মাসুম আবদুল্লাহ

(ফাযেলে দারুল উলুম দেওবন্দ)
উসতাযুল হাদিস
দারুল উলুম রামপুরা বনশ্রী, ঢাকা


ওয়াফি পাবলিকেশন

# শুরু কথা

কুরআনুল কারিমের তেলাওয়াত আমাদের অন্তর জুড়ায়। তার মর্মবাণীর সুখপাঠ ও কালজয়ী দীক্ষা আমাদের জ্ঞান-বুদ্ধি বিকশিত করে। তার একটু কোমল পরশ বাড়িয়ে দেয় আমাদের ঈমান-আমলের আকুলতা। ভেতর-বাহিরের পরিশুদ্ধতা।

আমরা অনেকে কমবেশি কুরআনুল কারিম তেলাওয়াত করি বা অন্যের তেলাওয়াত শুনি। কিন্তু তার ভেতরে কী জাদু আছে, তা ক'জন জানি? ক'জন জানতে পারি তার কালজয়ী অমোঘ জ্ঞান-বিদ্যা? তার আলোকিত মখমল শিক্ষা-দীক্ষা!

জাতীয় শিক্ষাব্যবস্থা, শিক্ষা কারিকুলাম, রাষ্ট্র-সমাজ, পরিবার ও পরিবেশ-পরিস্থিতি সহ নানা কারণে আজকের শিশু-কিশোর কুরআন ও কুরআনের মহান এ আলো-দীক্ষা থেকে বঞ্চিত।

শিশু ও কিশোর-সমাজকে কুরআনের ছায়াতলে আনতে, তাদের মনন-মগজ কুরআনের আলোয় উদ্ভাসিত ও উন্মেষিত করতেই আমাদের আয়োজন 'প্রিয় কুরআনের প্রিয় পাঠ'। এখানে জায়গা পাওয়া লেখাগুলো জাতীয় শিশু-কিশোর পত্রিকা 'মাসিক নকীব' ধারাবাহিকভাবে ছেপেছে। লেখাগুলো ঢেলে সাজিয়ে এবার বই আকারে আপনাদের হাতে।

আশা করি, নকীবের পাঠকদের মতো সব শ্রেণির শিশু-কিশোরকে আগের চেয়ে আরও বেশি আকর্ষণ করবে। পাঠকমাত্রই উপকৃত হতে পারবেন ব্যাপকহারে। কুরআনুল করিমের অলৌকিক আলোকচ্ছটা গায়ে মেখে নিজেকে বিমোহিত ও আলোকিত করতে পারবেন যে কেউ—ইনশাআল্লাহ!

বইটি আপনাদের পর্যন্ত পৌঁছাতে আমাকে যে যেভাবে সহযোগিতা করেছেন, প্রত্যেকের প্রতি রইল আন্তরিক কৃতজ্ঞতা ও অনুপম ভালোবাসা। আল্লাহ আমাদের সকলের মেহনত দীনের স্বার্থে কবুল করুন। আমিন!

বিনয়াবনত

মাসুম আবদুল্লাহ

০১.০৮.২৩

বনশ্রী, রামপুরা, ঢাকা ১২১৯

# সূচিপত্র

## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ এক


কুরআনুল কারিম : 'শ্রেষ্ঠ গল্পগুচ্ছ' ১১
কুরআনুল কারিম কী ও কেন? ১১
বাস্তবিক জীবনে কুরআনুল কারিমের ভূমিকা ও অবদান ১১
কুরআনুল কারিম ও আমাদের দায়িত্ব ১২
কুরআনুল কারিমের গুরুত্বপূর্ণ তথ্যাদি ১২
কুরআনুল কারিমের সারনির্যাস ১৩
কুরআনুল কারিমের গল্প ও জ্ঞান ১৩
কুরআনুল কারিমের গল্প ও শিক্ষা ১৪
এসো কুরআনের গল্প পড়ি—জীবন গড়ি ১৫


## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ দুই


আউযুবিল্লাহ : নিরাপত্তার মহামন্ত্র ১৬
আউযুবিল্লাহ : অর্থ ও মর্ম ১৬
আউযুবিল্লাহ : প্রয়োজনীয়তা ও উপকারিতা ১৬
আউযুবিল্লাহ : সুরক্ষার রক্ষাকবচ ১৭
আউযুবিল্লাহ : মহামন্ত্র ১৭
শয়তানের শত্রুতা ও আমাদের করণীয় ১৮
রাগ নিয়ন্ত্রণে 'আউযুবিল্লাহ' অব্যর্থ মহৌষধ ১৯
আউযুবিল্লাহ পড়ার বহুমুখী উপকারিতা ১৯


## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ তিন


বিসমিল্লাহ : বরকতের ফল্গুধারা ২১
বিসমিল্লাহ : অর্থ ও মর্ম ২১
বিসমিল্লাহ : প্রয়োজনীয়তা ও উপকারিতা ২১
বিসমিল্লাহ : দুই সুরার পার্থক্যসীমানা ২২
বিসমিল্লাহ : রোগব্যাধির মহৌষধ ২২
বিসমিল্লাহ : শয়তান তাড়ানোর মূলমন্ত্র ২৩
বিসমিল্লাহ : সুরক্ষার পোক্ত দেয়াল ২৪

বিসমিল্লাহ : জাহান্নাম থেকে মুক্তির বিশেষ আমল ২৫
বিসমিল্লাহ : রহমত ও বরকত ২৫
বিসমিল্লাহ : শপথ ও সত্যায়ন বাক্য ২৬

## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ চার

সুরা ফাতিহা : অমূল্য সম্পদ ২৭
সুরা ফাতিহা : সূচনাগল্প ২৭
সুরা ফাতিহা : শ্রেষ্ঠত্ব ও মহত্ত্ব ২৯
ফাতিহা : অর্থ ও নামকরণ ৩০
সুরা ফাতিহা : বরকত ও বৈশিষ্ট্য ৩১

## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ পাঁচ

সুরা ফাতিহা : আল্লাহ ও বান্দার প্রেমময় আলাপন ৩২
আল্লাহ ও বান্দা : সম্পর্ক ও সম্বন্ধ ৩২
আল্লাহ ও বান্দা : সম্পর্ক ও ঘনত্ব ৩৩
আল্লাহ ও বান্দা : সম্পর্কের উতলতা ও গভীরতা ৩৩
আল্লাহ ও বান্দার সম্পর্ক : সৃষ্টি ও বৃদ্ধির উপায় ৩৪
আল্লাহ ও বান্দার প্রেমময় আলাপন ৩৪
সুরা ফাতিহা : অনুভূতি ও উপলব্ধি ৩৫
সুরা ফাতিহা : শিক্ষা ও অর্জন ৩৫
সুরা ফাতিহা : আলাপন ও আবেদন ৩৬

## প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ ছয়

সুরা বাকারা ও গাভির গল্প ৩৭
গাভির গল্পে সুরা : প্রেক্ষাপট ও কারণ ৩৭
সুরা বাকারা ও গাভির গল্প ৩৮
সুরা বাকারা : গাভির গল্পরহস্য ৪১
সুরা বাকারা : গাভির গল্প ও আমাদের শিক্ষা ৪২

তথ্যসূত্র ৪৩
দৃষ্টি আকর্ষণ ৪৫





প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ এক

# কুরআনুল কারিম : “শ্রেষ্ঠ গল্পগুচ্ছ”

## কুরআনুল কারিম কী ও কেন?

কুরআনুল কারিম আমাদের প্রিয় গ্রন্থ। পৃথিবীর সর্বাধিক পঠিত একটি মধু-গ্রন্থ। বারবার বরং শতবার পড়লেও এর অমৃত স্বাদ ফুরোয় না। শুধু পড়তেই মন চায়। অন্যের তেলাওয়াত শুনতেও ভারি মজা। একবার শুনলে বারবার শুনতে মন চায়। তাই তো কুরআনের পাখিদের মায়া-কণ্ঠে মনোমুগ্ধকর নানান তেলাওয়াত আমাদের অনুপ্রাণিত করে প্রতিনিয়ত।

মহান আল্লাহ বলেন, ‘মুমিন তো তারাই; যাদের হৃদয় কম্পিত হয়, যখন আল্লাহকে স্মরণ করা হয়। আর যখন তাঁর আয়াত তাদের নিকট পাঠ করা হয়, তখন তা তাদের ঈমান বৃদ্ধি করে এবং তারা তাদের প্রতিপালকের ওপর নির্ভর করে।’ [সুরা আনফাল, আয়াত : ২]

## বাস্তবিক জীবনে কুরআনুল কারিমের ভূমিকা ও অবদান

বন্ধুরা! কুরআনুল কারিমের তেলাওয়াত আমাদের অন্তর জুড়ায়। শান্তিতে ভরে




প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ তিন

# বিসমিল্লাহ : বরকতের ফল্গুধারা

## বিসমিল্লাহ : অর্থ ও মর্ম

বিসমিল্লাহ। পূর্ণরূপ—বিসমিল্লাহির রাহমানির রাহিম। অর্থ : পরম করুণাময় অতি দয়ালু আল্লাহর নামে শুরু করছি। আরবিতে এক শব্দে ‘বিসমিল্লাহ’, ‘বাসমালা’ বা ‘তাসমিয়া’ বলা হয়।

আমরা কমবেশি সবাই নানা কথা ও কাজের শুরুতে বিসমিল্লাহ পড়ি। আলহামদুলিল্লাহ! ছোট-বড় অনেকে এর অর্থও জানি। বিসমিল্লাহ পারে না বা পড়ে না—এমন মুসলমান হয়তো বিশ্বের কোথাও নেই।

## বিসমিল্লাহ : প্রয়োজনীয়তা ও উপকারিতা

বন্ধুরা! বিসমিল্লাহ নিছক কোনো সাধারণ আরবি বাক্য নয়। বরং এটি একটি মন্ত্র। বরকতের মহামন্ত্র। সুখ-শান্তি ও সমৃদ্ধির ফল্গুধারা। সুরক্ষা ও নিরাপত্তার পোক্ত দেয়াল-বেষ্টনী। ক্ষতিকর অপ্রীতিকর অনাকাঙ্ক্ষিত সব ঘটনাপ্রবাহ থেকে বাঁচার মজবুত রক্ষাবলয়। সার্বক্ষণিক আত্মরক্ষার মহানিয়ামক। রোগব্যাধি ও



প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ চার

# সুরা ফাতিহা : অমূল্য সম্পদ

## সুরা ফাতিহা : সূচনাগল্প

৬১০ খ্রিস্টাব্দ। নবিজির বয়স চল্লিশ বছর এক দিন। রবিউল আউয়াল মাস। সোমবার। বিগত ছয় মাস ধরে নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্জনতা অবলম্বন করছেন। ধ্যান করছেন হেরা গুহায়। নবিজি 'গারে হেরা'য় ধ্যানমগ্ন। হযরত জিবরাইল আ. এসে উপস্থিত হলেন। জিবরাইল আ.-কে দেখে নবিজি ঘাবড়ে গেলেন। তিনি নবিজিকে জড়িয়ে ধরে বললেন, 'ইকরা (পড়ো)'। নবিজি বললেন, 'আমি পড়তে পারি না।' তিনি নবিজিকে বুকে জড়িয়ে নিয়ে চাপ দিয়ে ছেড়ে দিয়ে বললেন, 'ইকরা (পড়ো)'। নবিজি একই উত্তর দিলেন, 'আমি পড়তে পারি না।' তিনি নবিজিকে তৃতীয়বার জড়িয়ে ধরে চাপ দিলেন। সহ্যসীমার বাইরে সজোরে চাপ দিয়ে বললেন, 'পড়ো তোমার প্রভুর নামে; যিনি তোমাকে সৃষ্টি করেছেন। তিনি মানুষ সৃষ্টি করেছেন মাংসপিণ্ড থেকে। তুমি পড়ো তোমার রব শ্রেষ্ঠ; যিনি কলম দিয়ে শিখিয়েছেন। মানুষকে শিখিয়েছেন এমন বিদ্যা; যা সে জানত না।' [সুরা আলাক, আয়াত : ১-৫]

এবার নবিজিও তাঁর সঙ্গে সঙ্গে পড়লেন। তারপর জিবরাইল আ. চলে গেলেন।



প্রিয় কুরআনের প্রিয় পাঠ ॥ ছয়

# সুরা বাকারা ও গাভির গল্প

## গাভির গল্পে সুরা : প্রেক্ষাপট ও কারণ

কুরআন শরিফের দ্বিতীয় ও বৃহত্তম সুরার নাম 'সুরা বাকারা'। গুরুত্বপূর্ণ ও ফযিলতপূর্ণ সুরাগুলোর অন্যতম সুরা এটি। 'বাকারা' অর্থ : গরু বা গাভি। হযরত মাওলানা শাহ আশরাফ আলি থানভি রহ. 'বাকারা' শব্দের অর্থ ষাঁড় গরু করেছেন। তবে সাধারণ মুফাস্সিরগণ 'বাকারা' শব্দের অর্থ 'গাভি' করেছেন। [হেদায়াতুল কুরআন, মুফতি সাইদ আহমদ পালনপুরি রহ., খণ্ড : ১, পৃষ্ঠা : ১০০ (মাকতাবাতুল হিজায, দেওবন্দ, ভারত); ২০১৭ ঈ.]

বন্ধুরা! হযরত মুসা আ.-এর নাম তোমরা নিশ্চয়ই শুনেছ। হযরত মুসা আ.-এর উম্মতের নাম 'বনি ইসরাইল'। বনি ইসরাইলের একটি গাভির ঐতিহাসিক ঘটনা সুরা বাকারায় উদ্ধৃত হয়েছে। সুরা বাকারার ৬৭ নম্বর আয়াত থেকে ৭৩ নম্বর আয়াতে পুরো ঘটনাটি সংক্ষেপে বিবৃত হয়েছে। আর এ কারণেই সুরাটির নাম 'সুরা বাকারা'।